ভোরের কাগজ

তারিখ MAR. 02 2000

পৃষ্ঠা ১২

# ১২০০ আসন খালি রেখেই এডওয়ার্ড কলেজে অনার্সে ভর্তি কার্যক্রম বন্ধ

24

নিশীথ রঞ্জন সাহা বিন্দু, পাবনা থেকে : পাবনা সরকারি এডওয়ার্ড বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্র সংগঠনগুলোর দাবি অনুযায়ী ছাত্রছাত্রী ভর্তি না করায় ১ হাজার ২৫৮টি আসন খালি রেখেই কলেজ কর্তৃপক্ষ স্নাতক সম্মান শ্রেণীর প্রথম বর্ষে ভর্তির কার্যক্রম বন্ধ করে দিয়েছে। ফলে অপেক্ষমাণ তালিকার অনেক ছাত্রছাত্রীর ভাগ্য অনিশ্চিত হয়ে পড়েছে।

কলেজ কর্তৃপক্ষের সঙ্গে আলাপ করে জানা যায়, অনার্স প্রথম বর্ষে ১৫টি অনুষদে মোট ৩ হাজার ২৪৬টি আসনের জন্য গত জানুয়ারি মাসে ভর্তি পরীক্ষার মাধ্যমে মেধাতালিকা এবং অপেক্ষমাণ তালিকা তৈরি করা হয়। স্বাভাবিক নিয়মে মেধাতালিকা অনুযায়ী ১ হাজার ৯৮৮ জন ছাত্রছাত্রী ভর্তির যোগ্য। অপেক্ষমাণ তালিকার ছাত্রছাত্রী ভর্তির কার্যক্রম শুরুর মুহূর্তে কলেজের বিভিন্ন ছাত্র সংগঠনের নেতারা তাদের পছন্দের ছাত্রছাত্রীকে ভর্তির জন্য কর্তৃপক্ষের ওপর বিভিন্নভাবে চাপ দিতে থাকে। বারবার ভর্তি কার্যক্রম বিঘ্নিত হওয়ায় কলেজ অধ্যক্ষ বাধ্য হয়ে ছাত্র সংগঠনের নেতাদের সঙ্গে সমঝোতা করার চেষ্টা করেও ব্যর্থ হন। কোনো সমাধান না হওয়ায় গত ২৯ ফেব্রুয়ারি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তির নির্ধারিত তারিখ উত্তীর্ণ হয়ে যাওয়ায় কলেজ কর্তৃপক্ষ ১ হাজার ২৫৮টি আসন খালি রেখেই ভর্তি কার্যক্রম বন্ধ করে দেয়।

এ অবস্থায় অপেক্ষমাণ তালিকায় থাকা ছাত্রছাত্রীরা বিক্ষুব্ধ হয়ে উঠেছে। ক্ষোভ প্রকাশ করেছেন অভিভাবকরাও।